



সংখ্যালঘুদের অধিকার সুরক্ষায় সরকার অঙ্গীকারবদ্ধ: মিজা ফখরুল



বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের ক্ষুদ্র জাতিগোষ্ঠী, সংখ্যালঘু ও ভিন্ন ধর্মাবলম্বী মানুষের সাংবিধানিক অধিকার রক্ষা এবং কল্যাণ নিশ্চিত করতে সরকার সর্বোচ্চ গুরুত্ব দেবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মিজা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার (২৪ জুন) সচিবালয়ে সীতাকুণ্ড শ্রাইন কমিটির প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

ফখরুল বলেন, ধর্ম, বর্ণ বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে কোনো বৈষম্যের সুযোগ নেই। সব নাগরিকের সমান অধিকার নিশ্চিত করা সরকারের দায়িত্ব। তিনি দাবি করেন, বিএনপিকে সংখ্যালঘুবিরোধী দল হিসেবে উপস্থাপনের চেষ্টা করা হলেও বাস্তবে দলটি সব সম্প্রদায়ের মানুষের অধিকার ও নিরাপত্তার পক্ষে কাজ করেছে।

বৈঠকে সীতাকুণ্ডের চন্দ্রনাথ ধামে আগত তীর্থযাত্রীদের বিভিন্ন সমস্যার বিষয় তুলে ধরেন প্রতিনিধিরা। তারা অবকাঠামো উন্নয়ন, যাতায়াত সুবিধা বৃদ্ধি এবং ধর্মীয় স্থাপনাগুলোর সংস্কারের দাবি জানান।

এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন মন্ত্রী। তিনি চন্দ্রনাথ ধামের সিঁড়ি সংস্কার, মন্দির উন্নয়ন এবং আশপাশের অবকাঠামো উন্নয়নে দ্রুত উদ্যোগ নেওয়ার কথা বলেন।

ফখরুল বলেন, দেশের ধর্মীয় ও ঐতিহাসিক স্থাপনাগুলোর উন্নয়ন শুধু ধর্মীয় কারণে নয়, পর্যটন, স্থানীয় অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্যও গুরুত্বপূর্ণ।